# ইতিহাস

## আজকের বিষয়

বৌদ্ধধর্ম

(প্রথম ভাগ)

১) বৌদ্ধধর্মের প্রতিষ্ঠাতা কে?

✓ **গৌতম বুদ্ধ**

২) কোন কোন গ্রন্থ থেকে বুদ্ধদেবের জীবনী সম্পর্কে আমরা জানতে পারি?

✓ **১) পালি সাহিত্যের বিভিন্ন গ্রন্থ যেমন ‘ সুত্তনিপাত ‘ , ‘ জাতক ‘, ‘ মহাবংশ ‘, ‘ দীপবংশ ‘**

**২) সংস্কৃত গ্রন্থ যেমন ‘ ললিতবিস্তার ‘**

**৩) অশ্বঘোষ রচিত ‘ বুদ্ধচরিত '**

৩) কত খ্রিস্টপূর্ব কোথায় বুদ্ধদেব জন্মগ্রহণ করেন?

✓ **আনুমানিক ৫৬৬ খ্রীষ্টপূর্বে নেপালের তরাই অঞ্চলে কপিলবস্তুর কাছে লুম্বিনী নামক স্থানে শাক্য নামক ক্ষত্রিয় বংশে বুদ্ধদেব জন্মগ্রহণ করেন।**

৪) গৌতম বুদ্ধের পিতা ও মাতার নাম কি ছিল?

**✓ গৌতম বুদ্ধের পিতা ছিলেন শুদ্ধোদন। তিনি ছিলেন কপিলাবস্তু রাজ্যের রাজা এবং তাঁর মাতা ছিলেন মায়াদেবী।**

৫) জন্মকালে গৌতম বুদ্ধের কি নামকরন করা হয়েছিল?

**✓ সিদ্ধার্থ**

৬) বুদ্ধদেবের গৌতম নামকরন কিভাবে হয়েছিল?

**✓ বুদ্ধদেবের জন্মের সাতদিন পর তাঁর মাতা মায়াদেবী পরলোক গমন করেন তখন মাতৃসমা গৌতমী তাঁকে লালনপালন করে সেই থেকে তাঁর নামকরন করা হয় গৌতম।**

৭) কত বছর বয়সে গৌতম বুদ্ধ বিবাহ বন্ধনে আবদ্ধ হন?

**✓ গৌতম বুদ্ধ মাত্র ১৬ বছর বয়সে গোপা (মতান্তরে যশোধরা) নামক এক শাক্যকুমারীর সাথে বিবাহবন্ধনে আবদ্ধ হয়।**

৮) গৌতম বুদ্ধের ছেলের নাম কি?

**✓ রাহুল**

৯) কতবছর বয়সে বুদ্ধদেব গৃহত্যাগ করেন?

**✓ বুদ্ধদেব মাত্র ২৯ বছর বয়সে স্ত্রী গোপা ও তাঁর পুত্র রাহুলের মায়া ত্যাগ করে জীবনের সত্যের খুঁজে এক রাত্রে অজান্তে গৃহত্যাগ করেন।**

১০) বুদ্ধদেব কেন গৃহত্যাগ করেছিলেন?

**✓ বাল্যকাল থেকেই বুদ্ধের সংসারের প্রতি কোনো আসক্তি ছিল না। জরা ও মৃত্যু দেখে তাঁর মনে বৈরাগ্যের ভাব দেখা দেয়। সেই কারণে জীবনের সত্যের খুঁজে তিনি গৃহত্যাগ করেন।**

১১) মহাভিনিস্ক্রমন কি?

**✓ বুদ্ধদেবের গৃহত্যাগের ঘটনা বৌদ্ধধর্মশাস্ত্রে মহাভিনিস্ক্রমন নামে পরিচিত।**

১২) মহাভিনিস্ক্রমন বৌদ্ধশাস্ত্রে কি চিহ্ন ও সাংকেতিক প্রতীক প্রয়োগ করা হয়?

**✓ ঘোড়া**

১৩) বুদ্ধদেবের জন্মের ঘটনাকে বৌদ্ধশাস্ত্রে কি চিহ্নে ও কোন সাংকেতিক প্রতীকে অভিহিত করা হয়?

✓ **পদ্মফুল ও ষাড়**

১৪) বুদ্ধদেব কোথায় গভীর ধ্যানে মগ্ন হন?

✓ **গয়ার নিকটবর্তী উরুবিদ্ধ নামক স্থানে নৈরঞ্জনা নামক নদীর তীরে এক অশ্বথ বৃক্ষের নিচে বুদ্ধদেব কঠোর গভীর ধ্যানে মগ্ন হয়েছিলেন।**

১৫) বুদ্ধদেবের গভীর ধ্যানের সুবাধে কত বছর বয়সে জীবনের দিব্যজ্ঞান লাভ করে?

✓ **৩৫ বছর বয়সে। এই দিব্যজ্ঞান লাভের পরেই তাঁর নামকরন হয় ‘ বুদ্ধ ‘ বা ‘ জ্ঞানী ‘ ও ‘ তথাগত ‘ যিনি পরম জ্ঞানের সন্ধান পেয়েছেন।**

১৬) ‘ বোধগয়া ‘ ও ' বুদ্ধগয়া ‘ কি?

✓ **বুদ্ধদেব যে পবিত্র স্থানে বুদ্ধত্ব ও পরমজ্ঞান লাভ করেন সেই স্থানটির নামকরন করা হয় ‘ বোধগয়া ‘ ও ‘ বুদ্ধগয়া '**

১৭) ‘ বোধদ্রুম ‘ ও ‘ বোধিবৃক্ষ ‘ কি?

✓ **যে পবিত্র বৃক্ষের নিচে বুদ্ধদেব বুদ্ধত্ব ও পরমজ্ঞান লাভ করেন সেই বৃক্ষটির নামকরন করা হয় ‘ বোধদ্রুম ‘ ও ‘ বোধিবৃক্ষ ‘।**

১৮) বৌদ্ধধর্ম শাস্ত্রে বুদ্ধদেবের নির্বাণ লাভ অথবা পরমজ্ঞান লাভের ঘটনার জন্য কোন চিহ্ন ও সাংকেতিক প্রতীক ব্যবহার করা হয়?

✓ **বোধি বৃক্ষ**

১৯) বুদ্ধদেব কোথায় প্রথম তাঁর ধর্মমত প্রচার করেন?

**✓ বুদ্ধদেব কাশীর নিকটবর্তী ঋষিপত্তন (বর্তমানে সারণাথ) নামক স্থানের মৃগদাব উপবনে তিনি প্রথম তাঁর ধর্মমত প্রচার করেন।**

২০) বুদ্ধদেব কোন পাঁচজন শিষ্য নিকট তিনি প্রথম তাঁর ধর্মমত প্রচার করেন?

**✓ বপ্য, ভদ্রিয়, অশ্বজিৎ, মহানাম ও কৌন্ডিন্য নামক পাঁচজন শিষ্যএর নিকট বুদ্ধদেব তাঁর প্রথম ধর্মমত প্রচার করেন।**

২১) ধর্মচক্র প্রবর্তন কি?

**✓ বুদ্ধদেব দ্বারা পাঁচজন শিষ্যের নিকট প্রথম ধর্মমত প্রচারকে বৌদ্ধশাস্ত্রে ধর্মচক্র প্রবর্তন নামে খ্যাত।**

২২) বুদ্ধদেবের ধর্মপ্রচারের মাধ্যম কোন ভাষা ছিল?

✓ **লোকভাষা মাগধী**

২৩) বৌদ্ধশাস্ত্রে ধর্মচক্র প্রবর্তনের কি প্রতীক চিহ্ন ব্যবহার করা হয়?

✓ **চক্র**

২৪) কোন কোন প্রসিদ্ধ রাজাদের তিনি বৌদ্ধ ধর্মে দীক্ষিত করেন?

✓ **মগধরাজ বিম্বিসার, কোশলরাজ প্রসেনজিৎ ও তাছাড়া তাঁর মহিষী মল্লিকা তাঁর নিকট বৌদ্ধধর্মে দীক্ষিত হন।**

২৫) কত খ্রিস্টপূর্বে এবং কোথায় বুদ্ধদেব দেহত্যাগ করেন?

✓ **৪৮৬ খ্রিস্টপূর্বে মল্য রাজ্যের রাজধানী কুশীনগর (বর্তমানে উত্তরপ্রদেশের গোরক্ষপুর জেলার কাশিয়া অঞ্চল) নামক স্থানে বুদ্ধদেব দেহত্যাগ করেন।**

২৬) কত বছর বয়সে বুদ্ধদেব দেহত্যাগ করেন?

✓ **৮০ বছর** বয়সে

২৭) ‘ মহাপরিনির্বাণ ‘কি?

✓ **বুদ্ধদেবের দেহত্যাগের ঘটনাকে বৌদ্ধশাস্ত্রে ‘ মহাপরিনির্বাণ ‘ বলে খ্যাত।**

২৮) কোন গ্রন্থে বুদ্ধদেবের দেহত্যাগের বিবরণ রয়েছে?

✓ **মহাপরিনির্বাণ** সুত্ত

২৯) বৌদ্ধশাস্ত্রে মহাপরিনির্বাণের জন্য কি প্রতীক চিহ্ন ব্যবহার করা হয়?

**✓ স্তূপা**

৩০) বুদ্ধদেব কতবছর বয়স অব্দি ধর্মমত প্রচার করেন?

**✓ ৪৫ বছর বয়স অব্দি বুদ্ধদেব ভারতের উত্তর ও পূর্ব অংশে বহু নরনারীকে তিনি বৌদ্ধধর্মে দীক্ষিত করেন।**

# সমাপ্ত

## ধন্যবাদ